**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে মনোনয়নপত্র গ্রহনের কাজ আজ শেষ হয়েছে ।**

**(২) রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্যে হাইকোর্টের পক্ষ থেকে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দেওয়া হয়েছে ।**

**(৩) আগামী ২২ জুলাই সুপ্রিমকোর্টে NEET-UG ২০২৪ মামলার পরবর্তী শুনানি হবে ।**

**(৪) উত্তরপূর্ব পেনচাক সিলেট মার্শাল আর্ট প্রতিযোগিতায় ৮টি পদক পেলো ত্রিপুরা ।**

*******************************************

**Panchayet Election :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আজ ছিল মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন। মনোনয়নপত্রগুলি আগামীকাল পরীক্ষা করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২২শে জুলাই। ভোট নেওয়া হবে আগামী ৮ই আগস্ট।

****************************

**Nomination :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ আকাশবাণীকে জানান, ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হবে। কমিশনের পক্ষ থেকে রাজ্য পুলিশকে ৪০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার জন্য বলা হয়েছে।

******************************

**Panchayat Election-H.C :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্যে আজ উচ্চ আদালত রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে। এই বিষয়ে বরিষ্ঠ আইনজীবি পুরুষোত্তম রায় বর্মন জানান, পঞ্চায়েত নির্বাচনে অনলাইনে মনোনয়ন জমা নেওয়া, মনোনয়ন দাখিলের সময়সীমা বৃদ্ধি সহ বিরোধী দলের প্রার্থীদের নিরাপত্তা দেওয়ার দাবিতে সিপিআইএম এবং কংগ্রেসের পক্ষ থেকে আলাদা দুটি মামলা করা হয়েছিল হাইকোর্টে। আজ বিচারপতি অরিন্দম লোধ এবং বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থের ডিভিশন বেঞ্চ দুটি মামলায় একসঙ্গে শুনানির পর রায় ঘোষণা করেন। আইনজীবী শ্রী রায় বর্মন জানান, হাইকোর্ট মনোনয়ন জমা দেওয়ার সময় বৃদ্ধির এবং অনলাইনে মনোনয়ন জমা করা আবেদনটিও হাইকোর্ট খারিজ করেছে। তবে পঞ্চায়েত নির্বাচনকে ঘিরে আইন শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার জন্য হাইকোর্টের পক্ষ থেকে রাজ্য সরকারকে নির্দেশ দেওয়া হয়েছে।

***************************

**BJP Nomination Submission :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের জন্য আজ বিজেপি মনোনীত প্রার্থীরা তাদের মনোনয়ন পত্র দাখিল করেন। তার আগে একটি মিছিল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে শুরু হয়ে পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ের সামনে শেষ হয়। মিছিলে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্য কার্যকর্তারা। মিছিল শেষে প্রার্থীরা নির্বাচনী আধিকারিক তথা পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডঃ বিশাল কুমারের হাতে মনোনয়নপত্র তুলে দেন।

*******************************

**Nomination-Sepahijala :**

১৭ আসন বিশিষ্ট সিপাহীজলা জিলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য মোট ৫১ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। জিলা পরিষদ নির্বাচনের অতিরিক্ত রিটার্নিং অফিসার ডেপুটি কালেক্টর সোমেন দেবনাথ জানিয়েছেন, সিপাহীজলা জিলা পরিষদ নির্বাচনে বি.জে.পির ১৭ জন, সি.পি.আই.এম-এর ১৫ জন, সি.পি.আই-এর ১ জন, কংগ্রেসের ১৫ জন প্রার্থী ও নির্দল হিসেবে ৩ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। বক্সনগর ব্লকে গ্রাম পঞ্চায়েত নির্বাচনে বিজেপি দলের পক্ষ থেকে ২১১ জন প্রার্থী ও পঞ্চায়েত সমিতির ১৩টি আসনের জন্য ১৩ জন বি.জে.পি প্রার্থী আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন। চড়িলাম ব্লকে পঞ্চায়েত সমিতির নির্বাচনে বিজেপি'র পক্ষ থেকে ১১টি আসনের জন্য ১১ জন প্রার্থী আজ মনোনয়নপত্র জমা

দিয়েছেন। সব মিলিয়ে গ্রাম পঞ্চায়েতের জন্য চড়িলাম ব্লকে বিজেপির ১২৯ জন, তিপ্রা মথার ১৪ জন ও নির্দল ৫ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। নলছড় ব্লকে গ্রাম পঞ্চায়েতের জন্য ২১১ জন ও পঞ্চায়েত সমিতির জন্য ১৩ জন বিজেপি প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। মোহনভোগ ব্লকে গ্রাম পঞ্চায়েতের জন্য ৬২ জন ও পঞ্চায়েত সমিতির জন্য ৭ জন বিজেপি প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

*********************************

**Supreme court, NEET-UG :**

শীর্ষ আদালত বলেছে যে, যেহেতু NEET-UG-র সমগ্র পরীক্ষার পবিত্রতা প্রভাবিত হয়েছিল তাই পুণরায় পরীক্ষা গ্রহণ একটি সুনির্দিষ্ট ভিত্তিতে হতে হবে। ভারতের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে সুপ্রিম কোর্টের বেঞ্চ আজ NEET-UG ২০২৪ পরিচালনায় অনিয়ম ও অসদাচরণের অভিযোগ সংক্রান্ত ৪০টিরও বেশি আবেদনের শুনানি শুরু করেছে। এই তদন্তের বিষয়ে বেঞ্চ বলেছে, সিবিআই তদন্ত চলছে এবং সিবিআই এর কাছ থেকে এপর্যন্ত পাওয়া তথ্য প্রকাশিত হলে তদন্তে প্রভাব পড়বে। আজ শুনানি পর্ব শেষে জানানো হয়, এই বিষয়ে আগামী ২২ জুলাই পুনরায় শুনানি হবে। একইসঙ্গে ন্যাশনাল টেস্টিং এজেন্সিকে বিশেষ নির্দেশ দিয়েছে সর্বোচ্চ আদালত।

সুপ্রিম কোর্ট আজ এনটিএ-কে নিজেদের ওয়েবসাইটে পরিচয় আড়ালে রেখে নিট-ইউজি পরীক্ষায় শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বর প্রকাশ করার নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, ২৩ লক্ষ ৩৩ হাজারেরও বেশি শিক্ষার্থী গত ৫ই মে বিদেশের ১৪টি সহ ৫৭১টি শহরের ৪,৭৫০টি কেন্দ্রে পরীক্ষা দিয়েছিল।

*****************************

**NEET-UG :**

NEET-UG প্রবেশিকা পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস মামলায় সিবিআই আজ পাটনা AIlMS এর চার ছাত্রকে আটক করেছে। AIIMS পাটনার নির্বাহী পরিচালক ডাঃ জি কে পাল বলেছেন, ধৃতরা এমবিবিএস কোর্সের দ্বিতীয় এবং তৃতীয় বছরের ছাত্র। তিনি বলেন, আটক শিক্ষার্থীদের ল্যাপটপও বাজেয়াপ্ত করা হয়েছে এবং তাদের ঘরগুলি সিল করে দেওয়া হয়েছে।সিবিআই ছাত্রদের জিজ্ঞাসাবাদ করছে।

****************************

**Indian citizen-Bangladesh :**

সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে বাংলাদেশে আন্দোলন অব্যাহত রয়েছে। উদ্‌ভুত পরিস্থিতিতে বাংলাদেশে অবস্থানরত সমস্ত ভারতীয় নাগরিক ও শিক্ষার্থীদের জন্য ভ্রমনে সতর্কবার্তা জারি করেছে কেন্দ্রীয় বিদেশ মন্ত্রক।

সতর্কবার্তায় বলা হয়েছে, বাংলাদেশে চলমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সেদেশে অবস্থানরত ভারতীয় নাগরিক ও শিক্ষার্থীদের ভ্রমণ এড়িয়ে যাবার পাশাপাশি বাড়ির বাইরে যাতে চলাচল না করেন। উদ্‌ভুত পরিস্থিতিতে বাংলাদেশের ভারতীয় নাগরিকদের সহায়তার জন্য দিনরাত ২৪ ঘন্টার জন্য ঢাকাস্থিত ভারতীয়

হাইকমিশনার অফিসে কন্ট্রোল রুম খোলা হয়েছে। এই কন্ট্রোল রুমের জরুরী ফোন নাম্বারটি হল ৮৮০-১৯৩৭ ৪০০ ৫৯১ .

*****************************

**Nomination-Matabari :**

মাতাবাড়ি ব্লকের ২৪টি গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির ১৩টি আসনে বিজেপি দলের মনোনীত প্রার্থীরা আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর আগে উদয়পুরের ক্যানেল চৌমুহনী থেকে মাতাবাড়ি পর্যন্ত এক রেলিতে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায়, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার, রামপদ জমাতিয়া প্রমুখ।

****************************

**Nomination-Khayerpur :**

খয়েরপুর বিধানসভার অন্তর্গত সবকটি গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির আসনে বিজেপি প্রার্থীরা আজ মনোনয়ন পত্র দাখিল করেন। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী।

***************************

**Nomination-UNAKOTI :**

আজ মনোনয়পত্র দাখিলের শেষ দিনে ঊনকোটি জেলাতেও তিনটি ব্লকেই পঞ্চায়েত সমিতি ও গাঁও পঞ্চায়েত স্তরে মনোনয়নপত্র দাখিল হয়। তাছাড়া জেলাশাসক কার্যালয়ে জিলা পরিষদ আসনগুলোর জন্য মনোনয়ন পত্র জমা দেওয়া হয়। ১৩ সদস্যক ঊনকোটি জিলা পরিষদে আজ নিয়ে ৩০টি মনোনয়ন

পত্র জমা পড়েছে। এরমধ্যে BJP'র ১৩ জন, সি,পি, আই (এম) এর ৭ জন, কংগ্রেসের ৬ জন, তিপরা মথা'র ৩ জন ও একজন নির্দল প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। B.J.P'র পক্ষ থেকে আজ কৈলাশহরস্থিত জেলা শাসক কার্যালয়ে দলের মনোনীত প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেছেন। এই প্রক্রিয়ায় উপস্থিত ছিলেন, শ্রমমন্ত্রী টিংকু রায়, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস প্রমুখ।

কংগ্রেসের পক্ষ থেকে আজ জিলা পরিষদের আসনগুলোতে দলীয় প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেছেন। এদিকে গৌরনগর পঞ্চায়েত সমিতি নির্বাচনে ইন্ডিয়া জোট সমর্থিত কংগ্রেস ও সি,পি,আই(এম) প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন। মনোনয়নপত্র দাখিল উপলক্ষে রাজনৈতিক দলগুলি মিছিল ও জমায়েত সংঘটিত করে। ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েতের সাধারণ নির্বাচন অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, ঊনকোটি জেলাতে মোট ভোট কেন্দ্রের সংখ্যা ২৩৪টি।

*******************************

**Nomination-Khowai :**

মনোনয়নপত্র জমা দেওয়ার আজ শেষ দিনে খোয়াই জিলা পরিষদের মোট ১৩টি আসনে বিজেপি প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন। রামচন্দ্র ঘাটের তিপ্রা মথা দলের বিধায়ক রঞ্জিত দেববর্মা জানিয়েছেন, খোয়াই ব্লক এবং কল্যানপুর ব্লকের বিভিন্ন

পঞ্চায়েতে মোট ৪১টি আসনে তিপরা মথা দলের প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন।

**************************

**CPIM :**

পশ্চিম জেলার চারটি ব্লকের প্রায় ৫০ জন বামফ্রন্ট প্রার্থী আজ আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে পথ অবরোধ কর্মসূচিতে সামিল হন। সিপিআইএম নেতা পবিত্র কর জানান, ত্রিস্তরের পঞ্চায়েত নির্বাচনে রাজ্যে বিভিন্ন জায়গায় দুর্বৃত্তদের বাধাদানের ফলে বহু সিপিআইএম প্রার্থী মনোনয়নপত্র জমা দিতে পারে নি, ইতিমধ্যে যারা মনোনয়নপত্র জমা দিয়েছেন, তাদের হুমকি দেওয়া হচ্ছে মনোনয়নপত্র প্রত্যাহারের জন্য। এর প্রতিবাদেই আজ এই অবরোধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে বলে শ্রী কর জানান।

**************************

**03 new law :**

নতুন তিন ফৌজদারী আইন সম্পর্কে সাধারণ নাগরিকদের সচেতন করতে আজ সাবরুমের বিষ্ণুপুরের এক সচেতনতা সভার আয়োজন করা হয়। সাব্রুম মহকুমা আইন সেবা কমিটি আয়োজিত সভায় আলোচনা করেন আইনজীবি স্বপন দাস।

***************************

**Tree Plantation :**

খয়েরপুর বিধানসভার অন্তর্গত আগরতলা পুর নিগমের ৯নং ওয়ার্ড অফিসের উদ্যোগে আজ বৃক্ষরোপণ কর্মসুচির আয়োজন

করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী। শ্রী চক্রবর্তী বলেন পরিবেশকে আরও সবুজ রাখতে ও অক্সিজেন এর অভাব মেটাতে সবাইকে বৃক্ষরোপনে এগিয়ে আসা উচিত।

******************************

**8 medals from Tripura :**

উত্তরপূর্ব পেনচাক সিলেট মার্শাল আর্ট প্রতিযোগিতায় ৮টি পদক পেলো ত্রিপুরা। ১২ থেকে ১৪ জুলাই গুয়াহাটিতে অনুষ্ঠিত হয়েছিল আসর। তাতে ত্রিপুরা থেকে অংশ নিয়েছিল ৮ জন। আট জনই পদক জয় করে রাজ্যে ফিরেছে। এরমধ্যে রৌপ্য পদক পেয়েছে মাহেরিকা মোদক। এছাড়া ব্রোঞ্জ পদক জয় করে আরিয়ান ঘোষ, চন্দ্রদীপ সাহা, প্লাবন দেবনাথ, জয়েশ মোদক, দ্বীপায়ন বর্মন, অদ্ভিক রায় এবং রাজেশ্বরী দেব। রাজ্য পেনচাক সিলেট মার্শাল আর্ট দলের কোচ উত্তম আচার্য এখবর জানান।

**********************************

**Women's Football :**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ বিশ্রামগঞ্জ প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় বিশ্রামগঞ্জ প্লে সেন্টার ১-০ গোলে ত্রিপুরা স্পোর্টস স্কুলকে পরাজিত করে।

******************************

**KIRTI :**

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া আগামীকাল নতুনদিল্লিতে সরকারের খেলো ইন্ডিয়া রাইজিং ট্যালেন্ট

আইডেন্টিফিকেশন বা KIRTI উদ্যোগের দ্বিতীয় পর্বের উদ্বোধন করবেন। মন্ত্রক বলেছে যে KIRTI 'র মাধ্যমে আধুনিক সরঞ্জাম এবং বিশ্বব্যাপী সর্বোত্তম অনুশীলনের উপর ভিত্তি করে সমন্বিত প্রতিভা সনাক্তকরণ ও বিকাশের প্রচেষ্টা করা হয়।

উল্লেখ্য, এই বছরের ১২ই মার্চ চণ্ডীগড়ে KIRTI-এর প্রথম পর্বের সূচনা হয়।

*****************************

**Weather Normal :**

আজ সন্ধ্যায় এক পশলা বৃষ্টিতে অস্বস্তিকর গরম থেকে কিছুটা স্বস্তি ফিরে এসেছে আগরতলাসহ রাজ্যের বিভিন্ন অংশে। আগরতলা আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডাঃ পার্থ রায় জানান, আজ সন্ধ্যায় আগরতলা ও তার আশেপাশে ১৯ মিলিমিটার বৃষ্টি হয়েছে। যাতে স্বস্তি ফিরে আসে। বজ্র ঘন মেঘ তৈরি হওয়ায় এই আবহওয়া তৈরি হওয়ায় এই বৃষ্টিপাত বলে তিনি জানান। তিনি জানান, আগামী দুএকদিন এই ধরনের আবহাওয়া জারি থাকবে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস।

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।

*******************************